# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৭৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৪. যে লোক তার স্ত্রীর পশ্চাদ্দারে সঙ্গম করে

## بَاب مَنْ أَتَى امْرَأَتَهُ فِي دُبُرِهَا

### আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ الْحَارِثِ بْنِ مُخَلَّدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ أَتَى امْرَأَتَهُ فِي دُبُرِهَا لَمْ يَنْظُرْ اللَّهُ تَعَالَى إِلَيْهِ يَوْمَ الْقِيَامَةِ

### বাংলা

১১৭৪. আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে, তিনি বলেছেন: “যে ব্যক্তি তার স্ত্রীর পশ্চাদ্দারে সঙ্গম করে, আল্লাহ তা’আলা কিয়ামত দিবসে তার দিকে তাকাবেন না।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ জাইয়্যেদ (উত্তম)। বূসীরী ‘মিসবাহুয যুজাজাহ’ ২/৯৭ এ বলেন: ‘এ সনদ সহীহ’, এর বর্ণনাকারীগণ বিশ্বস্ত।

তাখরীজ: আহমাদ ২/৪৪৪; আবু দাউদ ২১৬২; বাইহাকী, মা’রিফাতুস সুনান নং ১৪০৬৯; নাসাঈ, আল কুবরা ৯০১৫। এর শব্দাবলী হলো: “যে লোক তার স্ত্রীর পশ্চাদ্দারে সঙ্গম করলো, সে অভিশপ্ত।” এর তাখরীজ আমরা মুসনাদুল মাউসিলী নং ৬৪৬২ এ দিয়েছি।

এছাড়াও, আব্দুর রাযযাক- মা’মারের জামি’ তে ২০৯৫২ নং এ; এর সূত্রে নাসাঈ, আল কুবরা ৯১৪ নং এ; বাইহাকী ৭/১৯৮; বাগাবী, শারহুস সুন্নাহ নং ২২৯৭।

এর শাহিদ রয়েছে ইবনু আব্বাস হতে যা আমরা মুসনাদুল মাউসিলী নং ২৩৭৮ ও মাওয়ারিদুয যাম’আন নং ১৩০২, ১৩০৩ এবং সহীহ ইবনু হিব্বান নং ৪২০৩, ৪২০৪, ৪৪১৮ তে আমরা তাখরীজ করেছি। আরও দেখুন, তারীখ জুরজান পৃ: ৩২৭ এবং ইবনু আদী, আল কামিল ৩/১১৩০।

আবার (অপর সনদে) ইবনু মাজাহ ১৯২৩; তাহাবী, শারহু মা’আনিল আছার ১/৪৪; ইবনু আবী শাইবা ৪/২৫৩; নাসাঈ, আল কুবরা নং ৯০১১, ৯০১২, ৯০১৮, ৯০১৯.....।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81457

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন